

ব্রাজিলের রিও ডি জেনেরোতে 17তম BRICS শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন প্রধানমন্ত্রী
(06 জুলাই, 2025)

06 জুলাই, 2025

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী 6-7 জুলাই 2025 তারিখে ব্রাজিলের রিও ডি জেনেরোতে অনুষ্ঠিত 17তম BRICS শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করেন। বিশ্বব্যাপী শাসন সংস্কার, গ্লোবাল সাউথের নানা বিষয়ে সোচ্চার হওয়া, শান্তি ও নিরাপত্তা, বহুপাক্ষিকতা শক্তিশালীকরণ, উন্নয়ন সংক্রান্ত বিষয় এবং কৃত্রিম বুদ্ধিমত্তা সহ BRICS এজেন্ডার বিভিন্ন বিষয়ে নেতাদের মধ্যে গঠনমূলক আলোচনা হয়। প্রধানমন্ত্রী তাকে উষ্ণ আতিথেয়তা জানানোর জন্য এবং শীর্ষ সম্মেলন সফল ভাবে সংগঠন করার জন্য ব্রাজিলের রাষ্ট্রপতিকে ধন্যবাদ জানান।

2. "বিশ্বজনীন শাসন এবং শান্তি ও নিরাপত্তার সংস্কার" শীর্ষক উদ্বোধনী অধিবেশনে ভাষণ দেন প্রধানমন্ত্রী। পরে, প্রধানমন্ত্রী "বহুপাক্ষিক, অর্থনৈতিক-আর্থিক বিষয় এবং কৃত্রিম বুদ্ধিমত্তাকে শক্তিশালী করে তোলা" বিষয়ে একটি অধিবেশনে বক্তব্য পেশ করেন। এই সেশনে BRICS অংশীদার এবং আমন্ত্রিত দেশগুলি অংশগ্রহণ করেছিল।

3. বিশ্বব্যাপী শাসন এবং শান্তি ও নিরাপত্তা বিষয়ক অধিবেশনে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী গ্লোবাল সাউথের নানা বিষয়ে সোচ্চার হওয়ার ক্ষেত্রে ভারতের প্রতিশ্রুতি পুনরায় নিশ্চিত করেন। তিনি উল্লেখ করেন যে, জলবায়ু, আর্থিক এবং প্রযুক্তি সম্পর্কিত নানা বিষয়ে উন্নয়নশীল দেশগুলির দীর্ঘস্থায়ী উন্নয়নের জন্য আরও বেশি সহায়তা প্রয়োজন। বিংশ শতাব্দীতে প্রতিষ্ঠিত বিশ্ব সংস্থাগুলির একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করার ক্ষেত্রে ক্ষমতার অভাব রয়েছে, এই কথা মনে করিয়ে দিয়ে তিনি এই সংস্থাগুলির সংস্কারের প্রয়োজনীয়তা উল্লেখ করেন। মাল্টিপোলার ও অন্তর্ভুক্ত বিশ্ব ব্যবস্থার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদ, IMF, বিশ্বব্যাঙ্ক এবং WTO-এর মতো বিশ্বজনীন প্রতিষ্ঠানগুলিকে সমসাময়িক বাস্তবতা প্রতিফলিত করার জন্য জরুরি সংস্কার করতে হবে। রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের সংস্কার কতটা জরুরি, তা তুলে ধরার জন্য এবং শীর্ষ সম্মেলনের ঘোষণা ইস্যু করার সময় শক্তিশালী বাচনভঙ্গি গ্রহণ করার জন্য তিনি নেতাদের ধন্যবাদ জানান।

4. শান্তি ও নিরাপত্তার বিষয়ে প্রধানমন্ত্রী জোর দিয়ে বলেন, সন্ত্রাসবাদ হল মানবতার সামনে একটি গুরুতর সমস্যা। এই প্রসঙ্গে, তিনি উল্লেখ করেন যে 2025 সালের এপ্রিল মাসে পহেলগাম সন্ত্রাসবাদী হামলা শুধুমাত্র ভারতের উপর আক্রমণ নয়, বরং সম্পূর্ণ মানবতার উপর আক্রমণ ছিল। সন্ত্রাসবাদের বিরুদ্ধে বিশ্বজুড়ে শক্তিশালী পদক্ষেপের আহ্বান জানিয়ে

প্রধানমন্ত্রী বলেন, সন্ত্রাসবাদীদের যারা নিরাপদ আশ্রয় প্রদান, তহবিল সরবরাহ বা সমর্থন করছে, তাদের বিরুদ্ধে কঠোর ভাবে মোকাবিলা করতে হবে। তিনি জোর দিয়ে বলেন, সন্ত্রাসবাদ মোকাবিলার ক্ষেত্রে কোনও দুই নৌকায় পা দিয়ে চলার কোনও জায়গা নেই। পহেলগাম সন্ত্রাসবাদী হামলার তীব্র নিন্দা জানানোর জন্য তিনি BRICS নেতাদের ধন্যবাদ জানান। সন্ত্রাসের বিরুদ্ধে বিশ্বব্যাপী লড়াইকে শক্তিশালী করার জন্য BRICS দেশগুলিকে আহ্বান জানিয়ে তিনি জোর দিয়ে বলেন যে, এই সমস্যার মোকাবিলায় কোনও ক্ষমাশীল মনোভাব দেখানো উচিত নয়।

5. বিষয়টি আরও বিস্তারিতভাবে ব্যাখ্যা করে প্রধানমন্ত্রী উল্লেখ করেন যে, পশ্চিম এশিয়া থেকে ইউরোপ পর্যন্ত এলাকায় নানা দেশের মধ্যে দ্বন্দ্ব চলছে, যা গভীর উদ্বেগের বিষয়। তিনি আরও বলেন, ভারত সবসময় এই ধরনের সংঘাতের সমাধানের জন্য আলাপ-আলোচনা এবং কূটনৈতিক উপায় ব্যবহারের আহ্বান জানিয়েছে এবং এই ধরনের প্রচেষ্টায় অবদান রাখার জন্য প্রস্তুত।

6. বহুপাক্ষিকতা, অর্থনৈতিক-আর্থিক বিষয় এবং কৃত্রিম বুদ্ধিমত্তাকে শক্তিশালী করা" বিষয়ক অধিবেশনে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী বলেন যে, বৈচিত্র্য এবং বহুপাক্ষিকতা হল BRICS এর সবচেয়ে বড় শক্তি। তিনি বলেন যে, এমন একটা সময় ছিল যখন সারা বিশ্ব অত্যন্ত চাপের মধ্যে ছিল এবং অনিশ্চয়তা ও চ্যালেঞ্জের মুখে পড়তে হচ্ছিল, তখন BRICS এর প্রাসঙ্গিকতা স্পষ্ট ছিল। তিনি আরও বলেন, মাল্টিপোলার বিশ্বকে সুগঠিত করার ক্ষেত্রে BRICS গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই বিষয়ে, তিনি চারটি পরামর্শ প্রদান করেন: প্রথমত, BRICS নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্ককে অবশ্যই প্রকল্পগুলি অনুমোদনের জন্য চাহিদা-চালিত নীতি এবং দীর্ঘমেয়াদী স্থায়িত্ব অনুসরণ করতে হবে; দ্বিতীয়ত, গ্রুপ একটি বিজ্ঞান এবং গবেষণা ভাণ্ডার স্থাপন করার কথা বিবেচনা করে, যা গ্লোবাল সাউথের দেশগুলিকে উপকৃত করতে পারে; তৃতীয়ত, গুরুত্বপূর্ণ খনিজগুলির সরবরাহ-শৃঙ্খলা সুরক্ষিত এবং নমনীয় করার দিকে নজর দিতে হবে; এবং চতুর্থত, গ্রুপকে দায়িত্বশীল AI-এর লক্ষ্যে কাজ করতে হবে - AI গভর্নেন্সের উদ্বেগগুলি দেখার পাশাপাশি, এই ক্ষেত্রে উদ্ভাবনের প্রচারের দিকেও সমান গুরুত্ব দিতে হবে।

7. নেতাদের অধিবেশন শেষে, সদস্য দেশগুলি 'রিও ডি জেনেরো ঘোষণাপত্র' গ্রহণ করেছে [Link]। গ্লোবাল গভর্নেন্স [Link], শান্তি ও নিরাপত্তা [Link] এবং বহুপাক্ষিকতা, অর্থনৈতিক-আর্থিক বিষয় এবং কৃত্রিম বুদ্ধিমত্তা [Link] শক্তিশালী করার বিষয়ে প্রধানমন্ত্রীর পূর্ণ ভাষণ এখানে দেখা যেতে পারে।

রিও ডি জেনেরো

06 জুলাই, 2025